দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 JAN 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের একেক গ্রুপ নিয়ন্ত্রণে রেখেছে একেক ছাত্রাবাস

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসাবে গতকাল বুধবার রাতে আফম কামালউদ্দিন হলে এক গ্রুপ আরেক গ্রুপকে ধাওয়া করে হল থেকে বের করে দিয়েছে। এসময় ছাত্রলীগের চার কর্মী আহত হয়েছে।

পুলিশ ও হলের আবাসিক ছাত্ররা জানান, রাত ৮টার দিকে হলে 'অয়ন গ্রুপে'র নেতা-কর্মীরা অবস্থান করছিল। ছাত্রলীগ জাবি সভাপতি সোহেল পারভেজ ও সাধারণ সম্পাদক মাহমুদ নাসির জনির নেতৃত্বে ১৫/২০ জনের একটি দল হলে প্রবেশ করে। এসময় হলে অবস্থানরত ছাত্রলীগের অপর গ্রুপের নেতা অয়ন পালাতে গেলে পারভেজ ও জনি গ্রুপের কর্মীরা তাদের ধাওয়া করে। এসময় অয়ন গ্রুপের চার কর্মীকে মারধর করা হয়। হলের নিয়ন্ত্রণ নেয় পারভেজ-জনি গ্রুপ। ঘটনার পরপর প্রক্টর ড. নাসির উদ্দিন পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করেন।

ছাত্রলীগ জাবি শাখার সূত্র জানায়, বর্তমানে পারভেজ-জনি গ্রুপ কামাল উদ্দিন, সালাম (১০ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের একেক

(১৬শ পৃঃ পর)

বরকত ও আল-বেরুনী হল নিয়ন্ত্রণ করছে। অন্যদিকে অয়ন গ্রুপ বঙ্গবন্ধু হল, আজিবুর গ্রুপ ভাসানী হল নিয়ন্ত্রণ করছে। রাত ১০টার দিকে ক্যাম্পাসের প্রতিটি হলে ছাত্রলীগের কর্মীদের মাঝে উত্তেজনা বিরাজ করছে। অপ্রীতিকর ঘটনা এড়াতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হলগুলোর সামনে পুলিশ মোতায়েন করেছে। ছাত্রলীগ জাবি সাধারণ সম্পাদক মাহমুদ নাসের জনি 'ইত্তেফাক'কে বলেনঃ ক্যাম্পাসে ছাত্রলীগের মূলধারা ফিরে এসেছে। ছাত্রদলের সাথে অয়ন গ্রুপ সখ্য রেখে এতদিন অবস্থান করছিল। ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ছাত্রদলের সঙ্গে ছাত্রলীগ সহাবস্থান নিশ্চিত করতে বদ্ধপরিকর।